# অন্টারিওতে বসবাস শুরু করা

অন্টারিওতে আগমন ও বসবাস শুরু করার জন্য আপনার যাকিছু জানা প্রয়োজন।

## এই পেইজে


1. Open a bank account (ব্যাংক অ্যাকাউন্ট খোলা)
2. Find housing (বাড়ি খোঁজা)
3. Learn English and French (ইংরেজি ও ফ্রেঞ্চ শেখা)
4. Find a job (কাজ খোঁজা)
5. Enrol your children in school (আপনার ছেলেমেয়েকে স্কুলে ভর্তি করানো)
6. Find child care (চাইল্ড কেয়ার খুঁজে পাওয়া)
7. Get health care (স্বাস্থ্যসেবা পাওয়া)
8. Get a driver’s licence (ড্রাইভার্স লাইসেন্স পাওয়া)
9. Transportation (পরিবহন)
10. Who to call during an emergency (জরুরি প্রয়োজনে কাকে ফোন করবেন)


---

## ব্যাংক অ্যাকাউন্ট খোলা

ব্যাংক অ্যাকাউন্ট আপনার টাকা-পয়সা ব্যবস্থাপনা ও নিরাপদে রাখাকে সহজ করে তোলে।

আপনার কোনো ঠিকানা, চাকরি, বা জমা দেয়ার মত টাকা না থাকলেও আপনি ব্যাংক অ্যাকাউন্ট খুলতে পারবেন।

ব্যাংক অ্যাকাউন্ট খোলার জন্য যা করতে হবে:

1. **কমপক্ষে দু'টি** acceptable, original identification (গ্রহণযোগ্য পরিচয়পত্রের মূল কপি) সংগ্রহ করুন (**ব্যাংক ফটোকপি গ্রহণ করবে না**)
2. ব্যাংক নির্বাচন করুন
3. সশরীরে ব্যাংকে যান
4. তাদের জানান যে, আপনি একটি নতুন অ্যাকাউন্ট খুলতে চান

অ্যাকাউন্ট খোলার পর, **একটি চেক বইয়ের অনুরোধ জানাতে ভুলবেন না।** পরবর্তীতে বাড়ি কেনার জন্য ডিপোজিট দিতে বা বাড়ির ভাড়া দিতে চেকগুলো আপনার কাজে লাগতে পারে।

আরো জানুন:

- how to open a bank account (কিভাবে ব্যাংক অ্যাকাউন্ট খুলতে হয়)
- your rights and responsibilities when dealing with banks (ব্যাংকের সাথে লেনদেনের ক্ষেত্রে আপনার অধিকার ও দায়-দায়িত্ব)

# বাড়ি খোঁজা

আপনি চাইলে বাড়ি ভাড়া করে বা কিনে অথবা বসবাসের জন্য আরো স্থায়ী ঠিকানা না পাওয়া পর্যন্ত জরুরি বাসস্থানে থাকতে পারেন।

## জরুরি বাসস্থান

যদি আপনার জরুরি বাসস্থানের প্রয়োজন হয় তাহলে নিচের যেকোনো একটি দেখুন:

1. Settlement.org
2. Housing Help Association of Ontario (হাউজিং হেল্প অ্যাসোসিয়েশন অব অন্টারিও), অথবা:
    - ফোন: 905-526-8100
    - email (ইমেইল)

## বাড়ি ভাড়া নেয়া

অন্টারিওতে বাড়ি ভাড়া নেয়ার জন্য অনেক জায়গায় দেখতে পারেন, যার মধ্যে রয়েছে:

- ইন্টারনেটে ও বাড়ি ভাড়া সম্পর্কিত প্রকাশনাগুলোর শ্রেণিবদ্ধ বিজ্ঞাপনের পাতায় খোঁজা
- রিয়েল এস্টেট এজেন্টের সাথে যোগাযোগ করা
- মুদি দোকান, লাইব্রেরি, ধোপাখানা, হেলথ ক্লিনিক, সস্তার দোকান, কমিউনিটি সেন্টার, সার্ভিস ক্লাব বা রিয়েল এস্টেট অফিসের বুলেটিন বোর্ড দেখা
- আত্মীয়-স্বজন বা সহকর্মীদের সাথে কথা বলা

যদি বাড়ি  ভাড়া নিতে চান, তাহলে আপনাকে অবশ্যই যা করতে হবে:

1. বাড়ি ভাড়ার একটি আবেদনপত্র পূরণ করে বাড়ির মালিকের কাছে জমা দিতে হবে

2. ভাড়ার চুক্তিতে স্বাক্ষর করতে হবে, যা হলো আপনার ও আপনার বাড়িওয়ালার মধ্যকার একটি আইনি চুক্তি, যেটিতে আপনার ভাড়ার পরিমাণ এবং আপনার অধিকার ও দায়িত্বগুলো উল্লেখ থাকবে
3. সাধারণত চেক বা মানি অর্ডারের মাধ্যমে একটি ডিপোজিট দিতে হবে, যা প্রথম ও শেষ মাসের ভাড়ার খরচ কভার করবে
4. বাড়িওয়ালাকে সময়মত আপনার ভাড়ার টাকা দিতে হবে (সাধারণত চেকের মাধ্যমে)

আরো জানুন:

- renting your first home in Canada (কানাডায় প্রথমবারের মত বাড়ি ভাড়া নেয়া) (পিডিএফ)
- how much it costs to rent an apartment in Ontario (অন্টারিওতে একটি অ্যাপার্টমেন্ট ভাড়া নিতে কেমন খরচ পড়ে)
- your rights as a tenant in Ontario (অন্টারিওতে একজন ভাড়াটে হিসেবে আপনার অধিকারসমূহ)

### বাড়ি কেনা

কানাডাতে Canada Mortgage and Housing Corporation (কানাডা মর্টগেজ অ্যান্ড হাউজিং কর্পোরেশন) বাড়ি ক্রয়-বিক্রয় নিয়ন্ত্রণ করে থাকে।

আপনি বাড়ি কিনতে চাইলে, আপনাকে অবশ্যই নিচের **যেকোনো একটি** করতে হবে:

- সব ফি ও ট্যাক্সসহ বাড়ির সম্পূর্ণ মূল্য পরিশোধ করতে হবে
- বাড়ির মূল্য পরিশোধের জন্য ব্যাংক থেকে ঋণ নিতে হবে **এবং** নিম্নলিখিতগুলোর জন্য যথেষ্ট টাকা হাতে থাকতে হবে:
    - বাড়ির জন্য ডাউন পেমেন্ট
    - সব ফি ও ট্যাক্স

আরো জানুনঃ

- home-buying in Canada (কানাডায় বাড়ি কেনা)
- what to know before buying a home in Ontario (অন্টারিওতে বাড়ি কেনার আগে যাকিছু জানা থাকা দরকার)

---

## ইংরেজি ও ফ্রেঞ্চ শেখা

বেশ কিছু কর্মসূচি আছে যেগুলো আপনাকে অন্টারিওতে আসার আগে ও পরে ইংরেজি ও ফ্রেঞ্চ ভাষায় আপনার দক্ষতা পরীক্ষা ও উন্নতি করতে (test or improve your English and French language skills) সাহায্য করবে।

---

# চাকরি খুঁজে পাওয়া

সরকারি অনুদানে পরিচালিত বেশ কিছু কর্মসূচি, কমিউনিটি সেন্টার ও settlement agencies (সেটেলমেন্ট এজেন্সি) আছে যেগুলো আপনাকে সাহায্য করতে পারে:

- চাকরি খুঁজতে
- আপনার জীবনবৃত্তান্ত ও ইন্টারভিউ দেয়ার দক্ষতা উন্নত করতে
- আপনার সফল হওয়ার জন্য প্রয়োজনীয় কানাডান অভিজ্ঞতা ও দক্ষতা অর্জন করতে

jobs and employment in Ontario (অন্টারিওতে চাকরি ও কর্মসংস্থান) সম্পর্কে আরো জানুন।

---

# আপনার ছেলেমেয়েকে স্কুলে ভর্তি করানো

অন্টারিওতে:

- **6-18 বছর বয়সী সব শিশুর স্কুলে যাওয়া বাধ্যতামূলক** (সরকারি–অর্থায়নে পরিচালিত, বেসরকারি বা হোম স্কুলে)
- নিজের বা মা–বাবার অভিবাসনগত স্ট্যাটাস যাই হোক না কেন, অধিকাংশ ছেলেমেয়ে সরকারি-অর্থায়নে পরিচালিত স্কুলে বিনামূল্যে পড়তে পারে (আরো সুনির্দিষ্ট তথ্য জানতে আপনার স্থানীয় school board (স্কুল বোর্ড) এর সাথে যোগাযোগ করুন)
- প্রাইভেট স্কুলগুলোতে পড়তে ফি বা টিউশন দিতে হয়

## সরকারি স্কুল

সরকারি অর্থায়নে পরিচালিত শিক্ষা ব্যবস্থাকে তিনটি পর্যায়ে ভাগ করা হয়েছে:

1. **Elementary school (প্রাথমিক বিদ্যালয়)**
    - ইংরেজি, ফ্রেঞ্চ এবং/অথবা ক্যাথলিক শিক্ষা বেছে নেয়ার সুযোগ রয়েছে
    - সাধারণত কিন্ডারগার্টেন থেকে শুরু হয় এবং 8 (অষ্টম) গ্রেডে এসে শেষ হয়
    - শিক্ষার্থীরা:

        - পড়া, লেখা ও গণিতের প্রাথমিক ধারণা শিখে ও বুঝতে পারে
2. **Secondary school (মাধ্যমিক বিদ্যালয়)**
    - ইংরেজি, ফ্রেঞ্চ এবং/অথবা ক্যাথলিক শিক্ষা বেছে নেয়ার সুযোগ রয়েছে
    - সাধারণত 9 গ্রেড থেকে শুরু হয় ও 12 গ্রেডে শেষ হয়
    - শিক্ষার্থীরা:
        - নিজেদের আগ্রহের বিষয়ে মনোযোগ দেয় এবং গ্র্যাজুয়েশন ও পরবর্তী সময়ের জন্যে প্রস্তুত হয়
3. **Post-secondary school (মাধ্যমিক-পরবর্তী বিদ্যালয়)**
    - সব বয়সের কলেজ, বিশ্ববিদ্যালয় ও স্নাতকোত্তর শিক্ষার্থীদের জন্য
    - আপনাকে **টিউশন ও বইয়ের দাম অবশ্যই দিতে হবে** কিন্তু আপনি অন্টারিও স্টুডেন্ট অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম (OSAP) এর মাধ্যমে বিশ্ববিদ্যালয় বা কলেজের বেতন পরিশোধে সহায়তার জন্য বৃত্তি ও ঋণের আবেদন করতে পারেন (apply for grants and loans to help you pay for university or college)।

আরো জানুন:

- how to enrol your child in school (কিভাবে আপনার সন্তানকে স্কুলে ভর্তি করাতে হয়)
- find elementary and secondary schools in your community (আপনার কমিউনিটিতে প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয় খুঁজে পাওয়া)
- full-day kindergarten for children aged 4 and 5 (4 ও 5 বছর বয়সী শিশুদের জন্য দিনব্যাপী কিন্ডারগার্টেন)
- key dates in the school year, including holidays (ছুটির দিনসহ শিক্ষাবর্ষের গুরুত্বপূর্ণ দিনসমূহ) (প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়গুলোর জন্য)
- going to college or university in Ontario (অন্টারিওতে কলেজে বা বিশ্ববিদ্যালয়ে পড়া)

## বেসরকারি স্কুল

**বেসরকারি স্কুলে পড়ার জন্য সরকার খরচ দেয় না।** এজন  আপনাকে নিজের পক্ষ থেকে খরচ বহন করতে হবে।

বেসরকারি স্কুল সম্পর্কে আরো জানুন:

- elementary and secondary schools (প্রাথমিক ও মাধ্যমিক স্কুল)
- post-secondary schools (মাধ্যমিক-পরবর্তী স্কুল)
- career colleges (ক্যারিয়ার কলেজ)

কিছু বেসরকারি ক্যারিয়ার কলেজ OSAP (স্কুলের খরচ দেয়ার জন্য সহায়তা)-এর জন্য অনুমোদনপ্রাপ্ত। Find out if your school is approved (আপনার স্কুল অনুমোদিত কিনা তা জেনে নিন) ।

---

## চাইল্ড কেয়ার খুঁজে পাওয়া

অন্টারিওতে দুই ধরনের চাইল্ড কেয়ারের ব্যবস্থা রয়েছে:

1. লাইসেন্সপ্রাপ্ত- সরকার কর্তৃক নিয়ন্ত্রিত
2. লাইসেন্সবিহীন- সরকার কর্তৃক নিয়ন্ত্রিত নয়

লাইসেন্সপ্রাপ্ত চাইল্ড কেয়ারে জায়গা পাওয়ার ক্ষেত্রে অপেক্ষমান তালিকা থাকতে পারে, তাই যথাশীঘ্র সম্ভব খোঁজ করা শুরু করুন।

Find licensed childcare in your community (আপনার কমিউনিটিতে লাইসেন্সপ্রাপ্ত চাইল্ড কেয়ার খুঁজে পাওয়া)

আরো জানুন:

- how to choose quality child care and questions to ask your child care provider (কিভাবে মানসম্মত চাইল্ড কেয়ার বেছে নেবেন এবং আপনার চাইল্ড কেয়ার প্রোভাইডারকে কী কী প্রশ্ন জিজ্ঞেস করবেন)
- all of the types of child care available to you (আপনার জন্য লভ্য সব ধরনের চাইল্ড কেয়ার)
- child care resources from Settlement.org (settlement.org থেকে চাইল্ড  কেয়ার সম্পর্কে তথ্যউপকরণ)

## স্বাস্থ্য সেবা পাওয়া

**জরুরি প্রয়োজনে** এবং আপনার OHIP কার্ড না থাকলে, আপনার ফোন থেকে **911-এ** কল করুন **অথবা আপনার নিকটস্থ হাসপাতালে যান।**

OHIP (অন্টারিও হেলথ ইন্স্যুরেন্স প্ল্যান) হলো অন্টারিওর স্বাস্থ্য সেবা পরিকল্পনা। OHIP-এর মাধ্যমে, প্রভিন্স আপনার প্রয়োজনীয় অনেক স্বাস্থ্য সেবার খরচ বহন করে থাকে।

আপনাকে একটি অন্টারিও হেলথ কার্ডের জন্য আবেদন করতে হবে, যেটা প্রমাণ করে যে, আপনি OHIP-এর কভারে আছেন। প্রতিবার ডাক্তার দেখানোর সময়, জরুরি বিভাগে গেলে, পরীক্ষা করানো বা সার্জারির জন্য গেলে আপনাকে অবশ্যই আপনার হেলথ কার্ড দেখাতে হবে।

**সাধারণত, অন্টারিও হেলথ ইন্সুরেন্স প্ল্যান (OHIP) এর কভারেজের আওতায় আসার আগে তিন মাস অপেক্ষায় থাকতে হয়।** এই অপেক্ষার সময়টিতে আপনার স্বাস্থ্যসেবার চাহিদা পূরণের জন্য আপনার প্রাইভেট স্বাস্থ্য বিমা থাকার বিষয়টি নিশ্চিত করুন।

নিরাপত্তাপ্রাপ্ত ব্যক্তিরা (কনভেনশনের আওতাধীন শরণার্থী ও নিরাপত্তার প্রয়োজন রয়েছে এমন অন্যান্য ব্যক্তিরা) এই তিন মাস অপেক্ষার সময়ের আওতামুক্ত।

আবেদন করার জন্য:

1. একটি আবেদনপত্র সংগ্রহ করুন:
   - online (অনলাইনে)
   - অথবা আপনার স্থানীয় সার্ভিস অন্টারিও OHIP অফিস (your local Service Ontario OHIP Office) থেকে
2. আপনার প্রয়োজনীয় সব ডকুমেন্ট (documents you need) সংগ্রহ করুন
3. ফরমটি পূরণ করুন এবং নিজে গিয়ে আপনার স্থানীয় সার্ভিস অন্টারিও OHIP অফিস (your local Service Ontario OHIP Office) -এ জমা দিন

প্রয়োজনীয় ডকুমেন্ট পাওয়ামাত্র আপনি আবেদন করতে পারবেন। তবে, আপনি যোগ্য না হওয়া পর্যন্ত – অর্থাৎ তিন মাস অপেক্ষার সময়কাল (3-month waiting period) পার না হওয়া পর্যন্ত হেলথ কার্ড পাবেন না।

পুনর্বাসিত শরণার্থী এবং মানবাধিকারের কারণে পুনর্বাসিত অন্যান্য ব্যক্তিরা অন্টারিওতে এসে পৌঁছানোর সময় থেকেই OHIP কভারেজ পাওয়ার যোগ্য হবেন। শরণার্থী দাবিদার, নিরাপত্তাপ্রাপ্ত ব্যক্তি, মানব পাচারের শিকার হওয়া ব্যক্তি এবং অন্যান্য আরো কিছু ব্যক্তি যারা OHIP পাওয়ার যোগ্য নন, তারা Interim Federal Health Program (IFH) অন্তবর্তীকালীন ফেডারেল স্বাস্থ্য কর্মসূচি) এর আওতায় সীমিত পরিমাণে কিছু মৌলিক স্বাস্থ্যসেবা সুবিধা পেয়ে থাকেন।

নিচের বিষয়গুলো সম্পর্কে আরো জানুন:

- how to apply for an Ontario health card (কিভাবে অন্টারিও হেলথ কার্ডের জন্য আবেদন করতে হয়)

- what services are covered by OHIP (OHIP কোন পরিষেবাগুলো কভার করে)
- how to find a family doctor or nurse practitioner (কিভাবে একজন পারিবারিক ডাক্তার বা নার্স প্র্যাক্টিশনার খুঁজে পাওয়া যায়)
- Mental Health Helpline (মানসিক স্বাস্থ্য সংক্রান্ত হেল্পলাইন)
- buying private health insurance for immigrants, newcomers and visitors (অভিবাসী, নবাগত ও ভিজিটরদের জন্য প্রাইভেট স্বাস্থ্য বিমা কেনা)
- Health benefits under the Interim Federal Health Program (অন্তবর্তীকালীন ফেডারেল স্বাস্থ্য কর্মসূচির আওতাভুক্ত স্বাস্থ্য সুবিধা)- https://www.canada.ca/en/immigration-refugees-citizenship/services/refugees/help-within-canada/health-care/interim-federal-health-program/services.html

## যদি আপনার OHIP কার্ড না থাকে

যদি আপনার প্রাইভেট ইন্সুরেন্স না থাকে, কিন্তু তিন মাস অপেক্ষার মেয়াদ শেষ হওয়ার আগেই ডাক্তার দেখানোর প্রয়োজন হয় তাহলে:

- জরুরি প্রয়োজনে 911-এ কল করুন
- জরুরি না হলে, যোগাযোগ করুন:
  - টেলিফোনের মাধ্যমে বিনামূল্যে চিকিৎসা সংক্রান্ত পরামর্শের জন্য 1-866-797-0000 নম্বরে Telehealth (টেলিহেলথ)-এ ফোন করুন।
  - আপনার local Community Health Centre (স্থানীয় কমিউনিটি স্বাস্থ সেন্টার) থেকে আপনি স্বাস্থ্যসেবা পেতে পারেন।
  - আপনার কমিউনিটির কোনো settlement agency (সেটেলমেন্ট এজেন্সি) যারা স্বাস্থ্য পরিষেবা খুঁজে পেতে আপনাকে সাহায্য করতে পারে।
  - আপনি যদি শরণার্থী দাবিদার বা মানব পাচারের শিকার হয়ে থাকেন তাহলে (অন্তবর্তীকালীন ফেডারেল স্বাস্থ্য কর্মসূচির সেবার জন্য আবেদন করুন (apply for Interim Federal Health Program coverage) - https://www.canada.ca/en/immigration-refugees-citizenship/services/refugees/help-within-canada/health-care/interim-federal-health-program/apply.html
  - কোনো ওয়াক-ইন ক্লিনিকে যান এবং পরিষেবার জন্য সরাসরি পেমেন্ট করুন (এই সব পরিষেবার জন্য আপনি কোনো রিফান্ড পাবেন না)

## ড্রাইভার্স লাইসেন্স নেয়া

যদি আপনার ইতোমধ্যে অন্য কোন প্রভিন্স, স্টেট বা দেশ থেকে ইস্যুকৃত **বৈধ ড্রাইভার্স লাইসেন্স থাকে**, তাহলে আপনি ঐ লাইসেন্স 60 দিন পর্যন্ত ব্যবহার করতে পারবেন। 60 দিন পরে, আপনাকে অন্টারিওর ড্রাইভার্স লাইসেন্স নিতে হবে।

Apply to exchange an out-of-province licence (ভিন্ন-প্রদেশের লাইসেন্সে পরিবর্তনের জন্য আবেদন করা)।

যদি আপনার কোনো **বৈধ লাইসেন্স না থাকে**, কিন্তু আপনি এই প্রভিন্সে গাড়ি চালাতে চান, তাহলে আপনার বয়স অবশ্যই কমপক্ষে 16 বছর হতে হবে, এবং অন্টারিওর ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। চোখ পরীক্ষা ও গাড়ি চালানোর নিয়ম–কানুন সম্পর্কে একটি লিখিত পরীক্ষায় পাশ করার পর আপনি নিম্নলিখিতগুলোর জন্য আবেদন করতে পারবেন:

- একটি G-ক্লাস লাইসেন্স, যদি আপনি কার, ভ্যান এবং/অথবা ছোট ট্রাক চালাতে চান
- একটি M-ক্লাস লাইসেন্স, যদি আপনি মোটরসাইকেল, মোটর স্কুটার এবং/অথবা মোপেড চালাতে চান

Get a G driver's licence for new drivers (নতুন ড্রাইভারদের G-ক্লাস লাইসেন্স নেয়া)।

আরো জানুন:

- getting a motorcycle licence (মোটরসাইকেলের লাইসেন্স নেয়া)
- the Driver's Handbook, the guide to help you study for your written test (ড্রাইভার্স হ্যান্ডবুক, আপনার লিখিত পরীক্ষার প্রস্তুতির জন্য লেখাপড়া করার গাইড)
- what happens if you are convicted of breaking driving laws (আপনি গাড়ি চালানোর আইন ভঙ্গ করার দায়ে দোষী সাব্যস্ত হলে কী ঘটবে)

# পরিবহন

## গণপরিবহন

এই প্রভিন্সের অধিকাংশ শহরে ও অঞ্চলে গণপরিবহনের ব্যবস্থা আছে। আপনি বেছে নিতে পারেন:

- স্থানীয় বা আঞ্চলিক বাস
- প্রতিবন্ধীদের জন্য পরিবহন সেবা
- ট্রেন
- প্রাইভেট কোচ বাস
- স্ট্রিটকার এবং/অথবা সাবওয়ে (টরন্টোতে)

প্রভিন্সের অধিকাংশ গণপরিবহনের জন্য আপনাকে ভাড়া  দিতে হবে। আপনার বয়স, স্থান ও গন্তব্যের উপর ভিত্তি করে ভাড়া ভিন্ন হতে পারে।

বিস্তারিত জানুন:

- transportation for seniors and people with short and long-term disabilities (বয়স্ক এবং স্বল্প বা দীর্ঘমেয়াদী শারিরীক সমস্যাক্রান্তদের জন্য পরিবহন)
- public transit in your city/region (আপনার শহর/অঞ্চলে গণ-পরিবহন)
- GO Transit trains and buses (GO Transit ট্রেন এবং বাসসমূহ)
- VIA rail trains and schedules (VIA রেল ট্রেন এবং শিডিউল)

### স্কুল পরিবহন

আপনার সন্তানের স্কুলে যাতায়াতের জন্য পরিবহনের  ব্যবস্থা  করার প্রয়োজন হলে আপনার স্থানীয় স্কুল বোর্ড (Contact your local school board) এর সাথে যোগাযোগ করুন।

## জরুরি প্রয়োজনে কাকে ফোন করবেন

**জরুরি পরিস্থিতিতে 911-এ কল করুন**

জনসাধারণকে নিম্নলিখিত বিষয়ে সতর্ক করার জন্য অন্টারিওতে জরুরি পরিস্থিতি মোকাবেলা ব্যবস্থা রয়েছে:

- শীতকালীন  ঝড়
- বজ্রঝড়
- দাবানল
- টর্নেডো
- বন্যা
- প্রচণ্ড তাপমাত্রা
- জরুরি পারমাণবিক পরিস্থিতি
- স্বাস্থ্য সংক্রান্ত মহামারি
- ভূমিকম্প

জরুরি পরিস্থিতিতে ইমেইল ও টেক্সট অ্যালার্ট পাওয়ার জন্য সাইন-আপ করুন (Sign up for email and text alerts)।

জরুরি পরিস্থিতি মোকাবেলার প্রস্তুতি (how to prepare for an emergency) সম্পর্কে  আরো জানুন।